

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল ব/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.৩৫.০৯৪.১৫- ৩৮৭

৩৬ আষাঢ়, ১৪২৪
তারিখঃ -----
২০ জুন, ২০১৭

বিষয়ঃ বেসরকারি স্বেচ্ছাসেবী যুব সংগঠনসমূহের কার্যক্রম জোরদার ও নিষ্ক্রিয় যুব সংগঠনসমূহকে সক্রিয়করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব সংগঠনসমূহের কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সেগুলোকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে ইতোমধ্যে যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট আইন ও বিধিমালার আলোকে যুব সংগঠনসমূহের নিবন্ধনসহ যাবতীয় কাজ সম্পাদনের জন্য উক্ত আইন ও বিধিমালা মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। যুব সংগঠনের অন্যতম কাজ যুবদের শারীরিক, মানসিক ও নৈতিক বিকাশ সাধন, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার উন্নয়নসহ যুবদের মধ্যে দেশের প্রতি মমত্ববোধ সৃষ্টি এবং কর্মসংস্থানের লক্ষ্যে তাদেরকে দক্ষ মানবসম্পদে পরিণত করা। যাতে তারা সকল প্রকার সামাজিক ব্যাধি হতে নিজেদের সুরক্ষা ও মানব কল্যাণে স্বেচ্ছাসেবী কার্যক্রমের মাধ্যমে নেতৃত্বের বিকাশ ঘটিয়ে উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে তুলতে পারে। লক্ষ্যণীয় তাঁর জেলাধীন মোট টি সংগঠনের মধ্যেটিই নিষ্ক্রিয়, যা কাঙ্ক্ষিত নয়।

০২. এমতাবস্থায়, যুব সংগঠন (নিবন্ধন এবং পরিচালনা) আইন, ২০১৫ এবং যুব সংগঠন (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী সক্রিয় যুব সংগঠনসমূহের কার্যক্রম জোরদারকরণ ও নিষ্ক্রিয় যুব সংগঠনসমূহকে সক্রিয়করণে ব্যক্তিগত উদ্যোগ গ্রহণ এবং প্রতিমাসে নির্ধারিত ছকে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোনঃ ০২-৯৫৫৯৩৮৯

E-mail: dgdydhq@gmail.com

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

.....জেলা (সকল)

বিতরণঃ

- ০১। পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অফিস কপি।